উত্তর পূর্ব ভারতের মনিপুর রাজ্যে ১৬০৬ খ্রীষ্টাব্দে তৎকালীন মহারাজ খাগেম্বার আমলে প্রথমবারের মত মুসলমানরা বসতি স্থাপন করে। খাগেম্বা মহারাজের ছোট ভাইদ্বয়ের মধ্যে ভুল বুঝাবুঝির সৃষ্টি হলে ১৬০০ খ্রীষ্টাব্দের প্রথম দিকে মহারাজের ছোট ভাই সানোংবা বিদ্রোহী হয়ে উঠে ও ক্ষমতা দখলের লক্ষ্যে তার অনুসারীদের নিয়ে মনিপুরের পার্শ্ববর্তী কাছাড় রাজ্যে আশ্রয় নেয়। R.K. Jaljit Singh এর A short History of Manipur, Jodunath Sarker এর History of Bengal, Quazi Hamid Ali এর The Manipuri Muslim, Ibonghal Singh এর Introduction of Manipur ইত্যাদি গ্রন্থ পাঠে জানা যায় যে, ১৬০৩ খ্রীষ্টাব্দে সানোংবা কাছাড়ী রাজার সাহায্যে কাছাড়ের অধিবাসীদের নিয়ে একটি সৈন্য বাহিনী সংগঠিত করে এবং প্রথমবারের মত কাছাড় আক্রমন করে। সানোংবা মুসলমানদের এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, যদি তার বাহিনী মনিপুর জয় করতে পারে তাহলে মুসলমানদের সম্মানজনক পদক ও সরকারী উচ্চ পদ সহ মনিপুর রাজ্যে স্থায়ীভাবে বসবাসের সুযোগ দেয়া হবে। কিন্তু সে যুদ্ধে তারা জয়লাভে ব্যর্থ হয়। Ibonghal Singh এর Introduction of Manipur নামক গ্রন্থে বলা হয়েছে যে, In 1603 A.D The Mayang in Jaded Manipur but treaty was concluded প্রথম আক্রমনে ব্যর্থ হয়ে সানোংবা পুনরায় সৈন্য বাহিনী সংগঠিত করতে যান এবং কাছাড় রাজার পরামর্শে তৎকালীন সিলেটের শাসন কর্তা বায়েজীদ কাররানীর নিকট সাহায্য প্রার্থনা করেন। কাছাড়ীর রাজার আনুরোধে বায়েজীদ কাররানীর সিলেট বানিয়াচং তরফ থেকে সৈন্য প্রেরন করেন। সানোংবাসহ মুসলমান সৈন্যবাহিনী প্রধান মোহাম্মদ সানী তার বাহিনী নিয়ে কাছাড় ও মনিপুরের সীমান্তবর্তী পাহাড় অতিক্রম করে বিষ্ণুপুরের নিকটবর্তী এলাকায় অবস্থান গ্রহন করে ও ব্যাপক যুদ্ধের প্রস্তুতি নিতে থাকে। অপরদিকে রাজা খাগেম্বা শত্রুপক্ষের আক্রমনের প্রস্তুতির খবর পেয়ে তা প্রতিহত করার জন্য তিনি নিজেই সেনাধ্যক্ষ হয়ে Thoubal নামক এলাকায় তার সৈন্য বাহিনী সম্মুখ যুদ্ধের প্রস্তুতি নিতে থাকেন। ১৬০৬ খ্রীঃ এ যুদ্ধে মুসলমান বাহিনী পরাজয় বরণ করে মহারাজ খাগেম্বার হাতে বন্দী হয়। অতঃপর একটা সন্ধির মাধ্যমে মুসলিম বাহিনীর সবাই মনিপুরী মেয়ে বিয়ে করে সেখানেই স্থায়ী ভাবে বসবাস শুরু করে। R.K.Sanahal এর The History of Manipur গ্রন্থে বলেছেন - Being agreable to request to drive out Khagemba, the Mayang King recruiting Mayangs and Muslims from Sylhet invaded Manipur in 1606 AD এসব তথ্য থেকে বলা যায় যে, ১৬০৬ খ্রীষ্টাব্দের যুদ্ধে যে সকল মুসলিম সৈন্য ছিল তারা সিলেট বানিয়াচং তরফ ও পার্শ্ববর্তী এলাকারই লোক ও মনিপুরী মেয়ে বিয়ে করে মনিপুরের লিলং অঞ্চলে বসতি স্থাপন করে। মাতা মনিপুরী ও পিতা মুসলিম এর সমন্বয়ে সৃষ্টি হয় নতুন এক সম্প্রদায়। যার নাম মৈতৈ পাঙন বা মনিপুরী মুসলিম।



CS CamScanner

অতঃপর ১৮১৯ খ্রীষ্টাব্দে পরিবারিক কলহের সুযোগে বার্মার রাজা মনিপুর আক্রমন করলে চৌরজিৎ সিংহ এর আক্রমন ঠেকাতে না পেরে শ্রীহট্টে পালিয়ে আসেন। ১৮১৯ থেকে ১৮২৫ খ্রীষ্টাব্দ এ ৭ বৎসর কাল মনিপুর ব্রহ্মবাহিনীর করতল গত ছিল। এসময় বার্মিজ বাহিনীর আত্যাচার এতই চরমে উঠেছিল যে মনিপুরের মোট জনসংখ্যার এক তৃতীয়াংশ লোক জীবন রক্ষার তাগিদে মনিপুর ছেড়ে বিভিন্ন জায়গায় পালিয়ে যান। তখন মুসলিম মনিপুরীরা এ Seven yeare Devastation এর সময় মনিপুর ছেড়ে আসাম, কাছাড়, ত্রিপুরা, আরবের তায়েফ, জেদ্দা, বার্মা, মালয়েশিয়া ও বাংলাদেশে পালিয়ে যান। তখন থেকেই বাংলাদেশের বিভিন্ন জনগোষ্ঠীর সাথে মনিপুরী মুসলিমরা পাশাপাশি অবস্থান করে আসছে। মনিপুরী মুসলিমরা মোট ৬২টি সাগৈ বা গোত্রে বিভক্ত তন্মধ্যে মাত্র ১৫টি গোত্রের লোক বাংলাদেশে অবস্থান করছে। আর সেগুলো হচ্ছে জুমখাম, শঙ্গোমগুম্বম, অরিবম, কোম্বামযুম, সাজ্বম, লৈসাংখোং, ইফম, লবুকতোংবম, মৌহচিংময়ুম, কৈনৌময়ুম, থৌবাল, মোইনাম, কৈখোঙতা, কৈখেল, ইংখোল ইত্যাদি।

বাংলাদেশে অবস্থানরত এ মনিপুরী মুসলিমরা হারিকী মজহাব ও সুন্নীহ সম্প্রদায় ভুক্ত ধর্মীয় অনুভূতি তাদের মধ্যে প্রবল। ইসলামিক আইনানুসারে কোরআন শিক্ষা বাধ্যতামুলক বিধায় এর কার্যকরী পদক্ষেপ হিসেবে ৪/৫ বছরের ছেলেমেয়েদের প্রত্যেকেই মক্তব ও মাদ্রাসায় পাঠানো হয়ে থাকে। মনিপুরী মুসলিম রমনীদের পর্দা প্রথা কঠোর ভাবে মেনে চলতে দেখা যায়। রাস্তা চলাচল কালে এমন এক ধরনের বোরকা পরনে থাকে যে একমাত্র পায়ের আঙ্গুলী ছাড়া শরীরের অন্য কোন অংশ দেখা যায় না। উল্লেখ্য যে এ জাতীয় বোরকা এ সম্প্রুদায় ব্যতীত অন্য কোন সম্প্রদায়ে দেখা যায় না। কলকাতা থেকে প্রকাশিত মাসিক মোহাম্মদী পত্রিকায় আঃ মতিন লিখেছিলেন - The Manipuri Muslim women did never come out on the street as half naked full sleeve jacket, entirely bottomed up to neck, dressed up to the solo of the feet, a scart on it, above all an umbrella on head. Face or any part of the body of any Manipuri Muslim women can never sun on the street except the finger of hand and feet. অবশ্য এ অবস্থার ইদানীং কিছুট শিথিলতা দেখা যাচ্ছে। মনিপুরী মুসলিমদের স্বাক্ষরতার হার অত্যন্ত উচু কিন্তু এ অনুযায়ী উচ্চ শিক্ষিতের হার একেবারেই কম। বর্তমান প্রজন্মের মনিপুরী মুসলিম শিশুদের স্কুলগামিতার হার একশত ভাগেই বলা চলে। সুতরাং কম বয়সী এমন কোন পুরুষ বা মহিলা পাওয়া যাবে না যে নিরক্ষর। শুধুমাত্র বয়স্কদের মধ্যেই নিরক্ষরতার হার বিদ্যমান। বাংলাদেশে বিদ্যমান মনিপুরী মুসলিমদের ৯০% গ্রামে বাস করে এবং তাদের প্রধান পেশা কৃষি। এখানে উল্লেখ করা যেতে পারে যে মনিপুরী মুসলিম সমাজের চাকুরী জীবিদের শতকরা আশি ভাগ সশস্ত্র বাহিনীর সদস্য। মনিপুরী মুসলিম জাতি হিসেবে যোদ্ধা, মোজাহিদ- তা-তার বাস্তব উদাহরণ। এ সমাজের শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে মনিপুরী মুসলিম ছাত্র পরিষদ বিনামূল্যে বই বিতরন ও বৃত্তি প্রদানের মাধ্যমে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছেন।

মনিপুরী মুসলিমদের স্বাক্ষরতার হার অত্যন্ত উচু কিন্তু এ অনুযায়ী উচ্চ শিক্ষিতের হার একেবারেই কম। বর্তমান প্রজন্মের মনিপুরী মুসলিম শিশুদের স্কুলগামিতার হার একশত ভাগেই বলা চলে। সুতরাং কম বয়সী এমন কোন পুরুষ বা মহিলা পাওয়া যাবে না যে নিরক্ষর। শুধুমাত্র বয়স্কদের মধ্যেই নিরক্ষরতার হার বিদ্যমান। বাংলাদেশে বিদ্যমান মনিপুরী মুসলিমদের ৯০% গ্রামে বাস করে এবং তাদের প্রধান পেশা কৃষি। এখানে উল্লেখ করা যেতে পারে যে মনিপুরী মুসলিম সমাজের চাকুরী জীবিদের শতকরা আশি ভাগ সশস্ত্র বাহিনীর সদস্য। মনিপুরী মুসলিম জাতি হিসেবে যোদ্ধা, মোজাহিদ- তা-তার বাস্তব উদাহরণ। এ সমাজের শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে মনিপুরী মুসলিম ছাত্র পরিষদ বিনামূল্যে বই বিতরন ও বৃত্তি প্রদানের মাধ্যমে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছেন।

এ সমাজের বিবাহরীতি কতকগুলো পর্যায়ে বিভক্ত। বিয়ের ব্যাপারে আনুষ্ঠানিক আলোচনা পর্বের পর ছেলে পক্ষের কতিপয় নেতৃস্থানীয় লোক কনের বাড়ীতে গিয়ে আনুষ্ঠানিক প্রস্তাব দেবে এটাকে "হাইজবা কাবা" বলে । এ পর্বে শুধু দেন মোহর সংক্রান্ত কথাবার্তা ঠিক করা হয় । অতঃপর চূড়ান্ত বাগদান পর্বের জন্য অনুষ্ঠিত হয় "ক্বাপূবা" বা পান চিনির ব্যবস্থা। এ পর্যায়ে ফলমুল, মিষ্টি, ও পানসহ বরপক্ষের লোকজন কনের বাড়ীতে যায় এবং আনুষ্ঠানিক ভাবে বিবাহের দিনক্ষন স্থির করা হয়। বিয়ের আগের দিন সারারাত ব্যাপী কনেও বরের বাড়ীতে আলাদা আলাদাভাবে একটা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এটাকে "পূরজাক" বলা হয়। এ পূরজাক অনুষ্ঠানে কনের পরনে থাকবে ঝলমলে পোশাক "পলয়" এবং মাথায় থাকবে ঝালর দেয়া "লৈত্রেং"। যুবক যুবতীরা সারারাত্র বিয়ের গান, থাবল চোংবা ইত্যাদি অনুষ্ঠানের মাধ্যমে রাত্রি যাপন করে থাকেন। পরেরদিন বরযাত্রীদল বরকে নিয়ে কনের বাড়ীতে পৌঁছলে বিয়ের আয়োজন করা হয়। মৌলানা সাহেব উপযুক্ত সাক্ষী প্রমান সহ সম্পুর্ন ইসলামী কায়দায় কোরআন সুন্নাহ মতে বিয়ে পাঠ করান। প্রতিটি ক্ষুদ্র ক্ষুদ্র বারিবিন্দু নিয়ে যেমন বিরাট বারিধির সৃষ্টি হয়, ক্ষুদ্র ক্ষুদ্র সমাজ নিয়ে যেমন বিরাট সভ্যতার সৃষ্টি হয় তেমনি প্রতিটি নাগরিকের ক্ষুদ্র ক্ষুদ্র সৎ প্রচেষ্টার ধারা দেশ ও জাতির বিরাট সমভাবনাময় ভবিষ্যৎ গড়ে উঠে এ বিশ্বাসকে সামনে রেখে মনিপুরী মুসলিম সমাজের লোকেরা কাজ করে যাচ্ছে । এ সমাজের লোকেরা মহান মুক্তি যুদ্ধের অংশ গ্রহনের পাশাপাশি বাংলাদেশকে একটি উন্নয়নশীল দেশে পরিনত করার প্রচেষ্ঠায় অন্যান্য সমাজের সাথে সহযোগিতা করে যাচ্ছে।

<<<<<<<<<<<***>>>>>>>>>>

## মীৎকপ্ থোক্প

(থা অহুম্গী চেফোঙ)

' মীৎকপ্ থোক্প' মনিপুরিসিংগী খোন্জেলনি,
নীঙ্ তম্নিংব থব্রায়সিংগী অচেৎপ লাইনীঙনী;
অমুক্তং পাবীযু , নুং-পান্ ফাওনা নৈনবীযু,
থনূং মীৎকপ্ থোক্মিন্নরসী।

# পরিবেশ সংরক্ষনে উদ্ভিদের ভূমিকা

হরি কুমার শর্ম্মা

পরিবেশ হল আমাদের সামগ্রিক জীবন। এর অংশীদার সকল প্রাণীর। পরিবেশের জড় পদার্থ ও জীব সম্প্রদায় আন্তঃ সম্পর্কিত হয়ে প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখে। এই পরিবেশের এবং মানুষের বাঁচার একটি বড় উপাদান বৃক্ষরাজি ও বন।

গাছ আমাদের প্রশ্বাস নির্গত এবং বায়ুমন্ডলের তাপবৃদ্ধিকারী $Co_2$ গ্রহন করে। আর আমাদের জন্য প্রয়োজনীয় $Co_2$ সরবরাহ করে। ১৯৭৭ সালে জাতিসংঘের উদ্যোগে নাইরোবীতে একটি আন্তর্জাতিক মরুময়তা সংক্রান্ত সম্মেলনে বিশেষজ্ঞরা একমত হয়েছেন যে পৃথিবীতে মরুময়তা সৃষ্টির একমাত্র কারণ অবাধে বৃক্ষ নিধন। ইতোমধ্যে আবহাওয়া সম্পর্কে বেশ সংখ্যক গাণিতিক মডেল উদ্ভাবিত হয়েছে যে বায়ুমন্ডলে $Co_2$ দ্বিগুন হলে পৃথিবীতে তাপমাত্রা ৫° সেঃ বাড়বে। এই $Co_2$ এর পরিমাণ একমাত্র কমানো সম্ভব উদ্ভিদ কূল। বিভিন্ন গবেষণায় জানা গেছে যে একটন ওজনের গাছ ১.৪৭ টন $Co_2$ পরিশুদ্ধ করে ১.০৭ টন $Co_2$ নিষ্কাশন করে।

আগামী শতাব্দীতে পৃথিবীর পরিবেশ বিপন্ন হবার সবচেয়ে বড় লক্ষনগুলোর কথা বিজ্ঞানীরা ভাবছেন তা হলোঃ-

(১) বর্ধিত গ্রীণ হাউস গ্যাসের কারণে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি। এক্ষেত্রে গ্রীণ হাউস, গ্রীণ হাউস প্রতিক্রিয়া ও গ্রীণ হাউস গ্যাস সম্বন্ধে কিছু আলোচনা করা যাক -

### (ক) গ্রীণ হাউস কি ?

গ্রীণ হাউস হচ্ছে এক ধরণের কাঁচের ঘর যার ভেতর সূর্যালোকের তাপ আটকিয়ে কিংবা কৃত্রিমভাবে তাপ সৃষ্টি করে তরি-তরকারী সহ প্রয়োজনীয় ছোট ছোট উদ্ভিদ জন্মানো হয়। গ্রীণ হাউসের মূল বৈশিষ্ট্য হলো সূর্যের দৃশ্যমান আলোকরশ্মি গ্রীণ হাউসের কাঁচের প্রাচীরভেদ করে সহজেই ভেতরে প্রবেশ করতে পারে, কিন্তু বের হবার সময় বিকিরিত আলোকরশ্মি কাঁচের প্রাচীরে বাধাপ্রাপ্ত হয়, ফলে কিছুটা তাপ গ্রীণ হাউসের আটকা পড়ে যা গ্রীণ হাউসকে উত্তপ্ত করে এবং উদ্ভিদ জন্মানোর অনুকূল পরিবেশ সৃষ্টি করে।

### (খ) গ্রীণ হাউস প্রতিক্রিয়া ঃ-

পৃথিবীর সব তাপ ও শক্তির মূল উৎস হচ্ছে সূর্য্যের আলো। তবে সূর্যালোকের যে অংশটুকু ভূপৃষ্ট পর্যন্ত এসে পৌছে তা হচ্ছে Visible ray যার তরঙ্গ দৈর্ঘ্য হচ্ছে ৩৯০-৭৬০ ন্যানো মিটার। আলোকরশ্মির সবটুকুই পৃথিবীর কাজে লাগে না। অতিরিক্ত অংশ ভূ-পৃষ্ঠ থেকে Infra-red ray হিসেবে বিকিরিত হয়ে বায়ুমন্ডলের বাহিরে চলে যায়। কিন্তু বায়ু মন্ডলে $Co_2$ সহ কিছু গ্যাস রয়েছে যারা সূর্যের দৃর্শ্যমান আলোক রশ্মিকে ভূ-পৃষ্ঠে আসতে কোন বাঁধা দেয়না। কিন্তু এরা ভূ-পৃষ্ঠ থেকে বিকিরিত অবলোহিত রশ্মিকে শোষন করে ফলে ভূ-পৃষ্ঠ থেকে বিকিরিত তাপের সবটুকু মহাশূন্যে চলে যাবার বদলে একাংশ বায়ু মন্ডলে থেকে যায়। ভূ-পৃষ্ঠের এই বিকিরিত তাপ বায়ুমন্ডলে $Co_2$ সহ কিছু গ্যাসের দ্বারা আটকিয়ে বায়ুমন্ডলের উষ্ণতা বৃদ্ধির প্রক্রিয়াকে গ্রীন হাউস প্রতিক্রিয়া বলে।

### (গ) গ্রীণ হাউস গ্যাস ঃ-

যে সমস্ত গ্যাস ভূ-পৃষ্ঠের বিকিরিত তাপ আটকিয়ে বায়ু মন্ডল উত্তপ্ত করে তাদেরকে গ্রীন হাউস গ্যাস বলে। যেমন $Co_2$ $CH_4$ (মিথেন) $N_2O$ (নাইট্রাস অক্সাইড) CFC (ক্লোরো-ফ্লোরো কার্বন) ইত্যাদি। বায়ুমন্ডলে এসকল গ্যাসের হার নিম্নরূপেঃ

$Co_2$-৪৯%
$CH_4$-১৮%
CFC - ১৪%
$N_2O$- ৬%
অন্যান্য গ্যাস - ১৩%

এই সকল গ্যাসের পরিমিত উপস্থিতি জীবজগতের স্বাভাবিক ও অনুকূল অস্তিত্বের জন্য সহায়ক। তবে এদের মাত্রাতিরিক্ত উপস্থিতি গ্রীন হাউস প্রতিক্রিয়ার জন্য দায়ী।

(২) সমুদ্রের পানির স্তর উপরে উঠে এসে উপকূলবর্তী এলাকা প্লাবিত করা।

(৩) ওজোন স্তর ফুটো হয়ে যাওয়া। এর ফলে সূর্য্যের UV ( Ultra-Violet ray) বায়ুমন্ডল ভেদ করে ভূ-পৃষ্ঠে চলে আসা এবং ত্বকের ক্যান্সার, চোখে ছানিপড়া, এসিড বৃষ্টি, শ্বাসরোধকর সহ নানা রকম সমস্যার উদ্ভব।

বিজ্ঞানীরা আরও বলেছেন যে, অতিবেগুনী রশ্মি (UV ray) মানবদেহে প্রবেশ করলে Chromosome এর Change হয় এবং এভাবে যদি অবাধে (UV ray) মানব দেহে প্রবেশ করে তাহলে কোন এক সময় মানব জাতি পৃথিবী থেকে বিলীন হয়ে যাবে।

১৯৭২ সালের জুন মাসে স্টকহোমে অনুষ্ঠিত United Nation's Conference On The Human Environment - এ বলা হয়েছিল যে, যেখানে উদ্ভিদ আছে সেখানে প্রাণী আছে। Small States Conference On Sea Level Rise সম্বন্ধে মালদ্বীপে ১৯৮৯ সালে সম্মেলনে বলা হয়েছে যে, এভাবে যদি গ্রীন হাউস উত্তপ্ত হয় তাহলে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা ৩০ সেঃ মিঃ যেতে বেশী দিন লাগবে না। আর্ন্তজাতিক David Plug এর ভাষায় এখন ঢাকা, লেনিনগ্রাদ, ওসাকা শুধু ঐতিহাসিক ও রোমাঞ্চের নগরীই নয় এগুলোকে বিপন্ন নগরী ও বলা যায় কারণ ঐসব স্থানের পরিবেশ বেঁচে থাকার মতো হয়।

আর্ন্তজাতিক পরিবেশ সংস্থা (GEMS) ভবিষ্যত বাণী করেছেন যে, পৃথিবীতে যদি বর্তমান হারে গাছ পালা নিধন করা হয়, তাহলে এ পৃথিবী এক বিপন্ন পরিবেশ সৃষ্টি হবে। এই দৃষ্টিকোন থেকে বিশেষজ্ঞদের মনে প্রশ্ন জেগেছে এখন থেকে ৩০ বছর পর বাংলাদেশের জীবন ধারণ সম্ভব হবে কিনা।

এ পৃথিবী পৃষ্টে বৃক্ষাবরণের সাথে বৃষ্টিপাতের এক প্রত্যক্ষ ও নিবিড় সম্পর্ক বিদ্যমান। পৃথিবীর যে সকল অঞ্চলে অপেক্ষাকৃত অধিক বৃষ্টিপাত হয় সে সকল অঞ্চলে ঘণ অরণ্য অবস্থিত। বৃক্ষরাজি কর্তৃক ছেড়ে দেয়া জলীয় বাষ্প কালক্রমে ঘনীভূত হয়ে বৃষ্টিপাত ঘটায়। জানা গেছে যে, এক হেক্টর পাইন (Pinus) বন বাতাস থেকে প্রতিবছর ৩৬ টন ধূলো ময়লা নির্গমনে সাহায্য করে। অন্যদিকে এক হেক্টর বীচ বন প্রতিবছর প্রায় ৬৮ টন ধূলো ময়লা পরিস্কার করে থাকে।



CamScanner

স্থলজ উদ্ভিদের তুলনায় পরিবেশ রক্ষায় জলজ উদ্ভিদের ভূমিকা মোটেই কম নয়। বাতাসের চেয়ে ৫০ ভাগেরও বেশী $Co_2$ সঞ্চিত হয় পৃথিবীর সাগর মহাসাগরে। তাই জলজ সবুজ কর্তৃক সালোক-সংশ্লেষণে $Co_2$ ব্যবহার না হলে ত্বরান্বিত হবে গ্রীণ-হাউজ প্রতিক্রিয়া। বিজ্ঞানীরা জরিপ চালিয়ে দেখেছেন যে বায়ুমন্ডলে যে $O_2$ থাকে তার চেয়ে ৬০ ভাগেরও বেশী $O_2$ থাকে সাগরে। এই $O_2$ বায়ুমন্ডলে ফিরে আসে এবং $O_2$ এর ঘাটতি পূরণ করে।

অতএব উপসংহারে নিঃসন্দেহে বলা যায় যে, পরিবেশ রক্ষায় মুখ্য উপাদান হচ্ছে বনায়ন করা। তাই আসুন আমরা সবাই মিলে অধিক সংখ্যক বৃক্ষরোপন করি এবং বাড়ীতে ধূমপানের জন্য রক্ষিত ছাইদানীকে ছড়িয়ে এক গোছা রজনীগন্ধা স্থাপন করে মুক্ত পরিবেশ গঠনে সচেষ্ট হয়।

.................... ০ ....................

# মীৎকপ্ থোক্প

( থা অহুম্গী চেফোঙ্ )

মীকপ্ থোক্প মনিপুরি ফূরুপ্কি অদুঙৈগী পুব্রারী, নাৎ, চৎনলোন্, মসান্ন কয়া, ঙসিগী মনিপুরিসিংগী পূন্সী মহিং অমহিক্সুং সেন্মীৎ লোন্গী মতাঙ্দা নৈনজদুনা অনৌব, নুংঙাই-য়াইবী মরাং কায়ব মনিপুরি ফূরুপ অম সেম্গৎপদা অঙম্ব মতেং মচা অমখক্ পাংজরিবা মীয়াম্গী জেফোঙ্নি। ঈফূরুপ্কিদমক্ খন্বীদুনা চেফোঙ্ অসিবু নৈনবীয়্, মীৎকপ্ থোক্পবু হিংহনবীয়্।

# সম্ভাবনাময় মনিপুরী তাঁত শিল্প

পি. কে. খুমন

বাংলাদেশে মনিপুরী তাঁত শিল্পজাত দ্রব্যের চাহিদা প্রশ্নাতীত। অথচ পরিকল্পনা ও সমন্বয়ের অভাবে সে চাহিদার সামান্য অংশ পুরন হচ্ছে। পুর্বে এদেশে শুধুমাত্র মনিপুরি নৃত্যের জন্য মনিপুরীদের খ্যাতি ছিল আজ তার সাথে যোগ হয়েছে মনিপুরি বয়ন শিল্পের খ্যাতি। তাই আজকের বাঙালী উচ্চবিত্ত পরিবার থেকে শুরু করে মধ্যবিত্ত পর্যন্ত মনিপুরী বস্ত্রের একচ্ছত্র ক্রেতা হিসেবে পরিণত হয়েছে। যার ফলে দিন দিন মনিপুরী বস্ত্রের চাহিদা বাড়তেছে। অথচ সরবরাহ বাড়তেছেনা বরং কমতেছে। যা অপ্রত্যাশিত।

মনিপুরী তাঁত শিল্পজাত দ্রব্যের উল্লেখযোগ্য কয়েকটির মধ্যে মনিপুরী শাড়ী, উরনা, শাল, উলের শাল, বেডকভার, টেবিল ক্লোথ, নেপকিন, রুমাল, ডিনার সেট, ব্যাগ ইত্যাদি ইত্যাদি। এগুলোর মধ্যে মনিপুরী শাড়ী, উরনা উলের শাল প্রভৃতির চাহিদা খুব বেশী এবং উৎপাদনও বেশী। কিন্তু এ গুলোর ক্রমবর্ধমান চাহিদা অনুযায়ী বর্তমানে সরবরাহ করতে পারতেছেনা। তাছাড়া অন্য আইটেম গুলোর যতটুকু চাহিদা তার সিকি ভাগও উৎপাদন হচ্ছেনা। সুতরাং বলা যেতে পারে যে অর্থনৈতিক ভাবে এক সম্ভাবনাময় খাত থেকে মনিপুরীরা পুরোপুরী ভাবে বঞ্চিত। এতে শুধুমাত্র মনিপুরী সম্প্রদায়ের ক্ষতি হচ্ছেনা, সাথে সাথে বাংলাদেশের জাতীয় অর্থনীতিরও ক্ষতি হচ্ছে। কেননা চাহিদা অনুযায়ী সরবরাহ করতে পারলে মনিপুরীদের আর্থিক অবস্থার উন্নতি হতো এবং জাতীয় প্রবৃদ্ধিতে এর সুফল বয়ে আনতো। কিন্তু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন না করাতে দিন দিন মনিপুরী বয়ণ শিল্প ধ্বংসের দিকে এগুচ্ছে। যা অনভিপ্রেত। মনিপুরী তাঁত শিল্পের সমস্যা ও সম্ভাবনা আলোচনা করার আগে বর্তমান ও অতীতে মনিপুরী বস্ত্রশিল্পের উৎপাদন ও বাজার জাত করন ব্যবস্থা পর্যালোচনা করা জরুরী। ঐতিহ্য ও বংশগত ভাবে মনিপুরী মেয়েরা বুনন শিল্পে পারদর্শী হলেও আজ থেকে দু তিন দশক আগেও শুধুমাত্র নিজেদের প্রয়োজনীয় কাপড় গুলোই উৎপাদন করতো। তবে কিছু কিছু পরিবার অনেক আগে থেকেই আর্থিক স্বচ্ছলতা বা বাড়তি আয়ের জন্য খুব সামান্য পরিমানে উৎপাদন করে স্থানীয় হাট বাজারে বিক্রি করতো। তাছাড়া তখনকার মনিপুরী মেয়েরা যে প্রযুক্তি ব্যবহার করতো তা ছিল খুবই সময় সাপেক্ষ। নিজেরা তুলা উৎপাদন করে তুলা থেকে সুতা তৈরী করে ভেষজ পদ্ধতিতে রং করে কাপড় উৎপাদন করতো। ফলে এক একটা কাপড় তৈরীর জন্য প্রচুর পরিশ্রম ও সময় ব্যয় হয়তো যা ব্যবসায়িক ভাবে উৎপাদন করা অসম্ভব ছিল। পরবর্তীতে আধুনিক বস্ত্রশিল্পের সুফল মনিপুরী সমাজেও এসে পড়ে। টেক্সটাইল মিলে উৎপাদিত সুতা রাসায়নিক প্রক্রিয়াই রং করা এবং উন্নত ধরনের তাঁত ব্যবহার করতে শুরু করে। গতানুগতিক মান্ধাতা আমলের প্রযুক্তি পরিহার করে সময়োপযোগী প্রযুক্তি ব্যবহার শুরু করে। সুতা তৈরী, রং করা থেকে বিরত হয়ে মনিপুরী মহিলারা শুধুমাত্র কাপড় বুননে মনোযোগ দেয়। এভাবে মনিপুরী তাঁত শিল্পের উৎপাদন ক্ষমতা বাড়তে থাকে এবং মনিপুরীরা নিজেদের প্রয়োজনের অতিরিক্ত কাপড় বুননে সক্ষম হয়। যার ফলশ্রুতিতে মনিপুরীরা বর্তমান বাণিজ্যিকভাবে তাঁত জাত পন্য উৎপাদন করতেছে এবং দেশীয় বাজার ছাড়াও বহিঃদেশেও রপ্তানী করা শুরু হয়েছে। সুতরাং বলা যায় যে স্বল্পতম সময়ের মধ্যে মনিপুরী বয়নশিল্প এক চরম উৎকর্ষতা লাভ করে। যুগের চাহিদা ও আধুনিক রুচির সমন্বয়ে মনিপুরী তাঁত জাত পণ্যের আকাশছোয়া চাহিদা তার প্রমান।

তবে একথা ঠিক মনিপুরী তাঁত জাত পণ্যের উৎপাদন ও বাজারজাত করণ পদ্ধতি এখনও সময়োপযোগী ভাবে গড়ে উঠেনি। ব্যক্তিগত উদ্যোগ, সমবায় সমিতি ও বিভিন্ন সংস্থা মনিপুরী তাঁত শিল্পের উন্নয়নের জন্য বর্তমানে কিছু কিছু কাজ শুরু করেছে যা খুবই আশাব্যাঞ্জক। ব্র্যাক এর আড়ং, হীড হ্যান্ডিক্র্যাপস, আইডিয়াস ইন্টারন্যাশন্যাল, শিল্পেকোন, সিলেটের 'বাংলাদেশ মনিপুরী মহিলা সমিতি', মনিপুরী মহিলা উন্নয়ন সংস্থা এবং মৌলভীবাজার জেলার কয়েকজন উদ্যমী মনিপুরী ব্যবসায়ীরা মনিপুরী তাঁত জাত পণ্যের উৎপাদন এবং বাজারজাত করণে সহায়তা করছে।

কিন্তু সরকারের আশানুরূপ সহযোগীতা এবং উদ্যোক্তাদের সুসমন্বিত পরিকল্পনার অভাবে মনিপুরী তাঁত শিল্পের তেমন অগ্রগতি হচ্ছেনা। উক্ত শিল্পের সাথে জড়িত ব্যক্তিদের উন্নয়ন মুলক প্রশিক্ষণের কোন সুযোগ না থাকাতে বর্তমান প্রতিযোগীতামূলক বাজারে উক্ত শিল্পজাত দ্রব্যের টিকে থাকা কঠিন হয়ে পড়েছে। তাঁতীদের পেশাগত উন্নয়ন উদোক্তাদের আধুনিক উৎপাদন কৌশল ও বাজারজাত করন পদ্ধতি সর্ম্পকে প্রশিক্ষনের অভাবে দেশীয় ও আন্তজাতিক বাজারে মনিপুরী তাঁত জাত পণ্যের উপস্থিতি ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। মনিপুরী তাঁত শিল্পের বহুবিধ সমস্যা গুলোর মধ্যে তাঁতীদের পেশাগত প্রশিক্ষনের অভাব, কাঁচামালের সমস্যা সুস্থু বাজারজাত করনের অভাব এবং ডিজাইনারের অভাব উল্লেখযোগ্য। এ সমস্ত সমস্যাগুলো কিভাবে দুর করা যায় তা মনিপুরী ব্যবসায়ী এবং সরকারের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের ভেবে দেখা খুবই জরুরী।

একদিকে মনিপুরী তাঁত জাত পণ্যের ব্যাপক জনপ্রিয়তা আর অন্য দিকে পাহাড় প্রতিম সমস্যা মনিপুরী তাঁত শিল্পকে এক সংকটের মুখে ঠেলে দিচ্ছে। তাই এই শিল্পের সমস্যা ও সংকট গুলোকে চিহ্নিত করে সুষ্ঠু সমাধানের জন্য কি করনীয় তা খুজে বের করা দরকার। যেমন কাঁচামালের (সুতা, রং) অধিক দাম ও দুস্প্রাপ্যতার জন্য মনিপুরী হস্তশিল্প জাত দ্রব্যের মূল্যও অত্যধিক। তাই ইচ্ছে থাকা সত্বে ও অনেক ক্রেতা পিছিয়ে যায়। অথচ উৎপাদকরা সম্মিলিত ভাবে সরাসরি সুতার কারখানা কিংবা পাইকারী বিক্রেতার নিকট থেকে ক্রয় করলে কাঁচামালের দাম অনেক কমে যেত এবং উৎপাদিত পন্যের দাম হ্রাস করে ক্রেতার চাহিদা বৃদ্ধি করা যেত। এখানে আরও একটা উদাহরণ দেয়া যেতে পারে মনিপুরী তাঁত শিল্পে ব্যবহৃত প্রযুক্তি এখনও সেকেলে। অনেক সময় ও অধিক শ্রমের জন্য স্বাভাবিক উৎপাদন খরচ অনেক বেশী পড়ে। যদি নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদনের সময় ও শ্রম কমাতে পারি তবে উৎপাদন মূল্যের অনেক সাশ্রয় হবে। সুতরাং কাঁচামালের সহজ প্রাপ্যতা, কম দামে কাঁচামাল ক্রয় ও উন্নত প্রযুক্তি ব্যবহারে সর্বোপরি মনিপুরী তাঁত শিল্পের উৎপাদন মূল্য কমে আসবে। ফলে অধিক মূল্যের যে সমস্যা তা সুষ্ঠু সমাধান সম্ভব হবে। এভাবে অন্যান্য সমস্যাগুলোর ও সমাধান সম্ভব। (চলবে)

# গ্রন্থ পরিচিতি

**য়েন্‌সেন্‌ম্বম ললিত (য়োইহেনব)**

## বাংলাদেশের মনিপুরী ত্রয়ী সংস্কৃতির ত্রিবেণী সঙ্গমে

এ. কে শেরাম
আগামী প্রকাশনী
মুল্য - ৭৫ টাকা

খুব সংক্ষেপে অল্প সময়ের মধ্যে মনিপুরী জাতির ইতিহাস, ঐতিহ্য, ভাষা, সাহিত্য, সংস্কৃতি সম্পর্কে একটা মোটা মোটি ধারনা পেতে হলে তাদের জন্য এ,কে শেরামের লেখা আলোচ্য গ্রন্থটি খুবই উপযোগী। বাংলাদেশে মনিপুরীরা সুদীর্ঘ কয়েক শত বৎসর আগে থেকে বসবাস শুরু করলেও বাঙালীদের কাছে মনিপুরী সম্পর্কে তেমন সুস্পষ্ট ধারনা নেই। সংখ্যাস্বল্প এবং আর্থসামাজিক ভৌগোলিক কারনে বৃহত্তরো বাঙালী জনগোষ্ঠীর কাছে মনিপুরীরা এখনও আদিবাসী উপজাতি হিসেবে পরিচিত। তাছাড়া মনিপুরী বলতে শুধুমাত্র মনিপুরী নৃত্যকেই বুঝে থাকে। কিন্তু মনিপুরী জাতি হাজার বৎসরের সমৃদ্ধশালী সাহিত্য, সংস্কৃতি ঐতিহ্যের ধারক ও বাহক তা অনেকের কাছে অজানা। এ,কে শেরামের উক্ত গ্রন্থ এই ভূল ভেঙ্গে দেবে এবং মনিপুরীদের সঠিক পরিচয় সবার কাছে প্রতিভাত হবে। ষোলটি প্রবন্ধের সুনিপুণ বিন্যাসে মনিপুরী জাতির অকথিত সব ইতিহাস ছয় ফর্মার এই বইতে সংক্ষেপ হলেও প্রয়োজনীয় প্রায় সব তথ্যই সন্নিবেশিত করেছেন। বইটি যে মনিপুরী সম্পর্কে যারা আগ্রহী তাদের জন্যই লেখা সে কথা লেখক প্রথমেই স্বীকার করেছেন। তাই বইয়ের ভূমিকায় লিখেছেন, "দীর্ঘ কাল পাশাপাশি থেকেও মনিপুরীরা এদেশের বৃহত্তর জনগোষ্ঠীর কাছে প্রকৃত অর্থে অপরিচিতই রয়ে গেছে। এই অপরিচয়ের আড়ালে মনিপুরীদের সত্যিকার অবয়বকে আচ্ছাদিত করে রেখেছে বিড়ম্বিত বিভ্রান্তির কুঝটিকায়। এ গ্রন্থ ভূক্ত রচনাগুলো কথিত এ বিভ্রান্তির কুয়াশা'জাল ছিড়ে সত্য সুর্যের তিমিরবিনাশি প্রখর দীপ্তিকে আহবান জাগাবার লক্ষেই রচিত।" লেখক এই গ্রন্থে মনিপুরীদের সুপ্রাচীন ইতিহাস, সংস্কৃতিকেও বইয়েমন গ্রন্থভূক্ত করেছেন তেমনি মনিপুরীদের সামাজিক অনুষ্ঠান, ধর্ম বিশ্বাস, শিক্ষা ও আর্থ- সামাজিক অবস্থা ইত্যাদি সম্পর্কেও পুংখানুপুংখভাবে আলোচনা করেছেন। বইটির মধ্যে এক ধরনের বিশেষ যত্নের ছাপ পরিলক্ষিত হয়। অনেক শ্রম ও সময়ের বিনিময়ে বহু সুত্র থেকে তথ্য সংগ্রহ করেছেন। আলোচ্য গ্রন্থভূক্ত প্রবন্ধ গুলি হলোঃ- ইতিহাসের ক্যানভাসে 'মনিপুর' 'মনিপুরী'

বাংলাদেশে মনিপুরী-বসতিস্থাপনের ইতিহাস
বৃটিশ বিরোধী আন্দোলনের এক মহানায়কঃ বীরেন্দ্রকেশরী টিকেন্দ্রজিৎ
মনিপুরী নারী বিদ্রোহের ইতিকথা (নুপীলান)
ভুল স্বপ্নে বসবাস
উপজাতীয় অভিধা-মনিপুরীদের জন্যে নয়
মনিপুরী সমাজ শাসনের রূপরেখা
সামাজিক অনুষ্ঠান ঃ লৌকিক ও পারলৌকিক
মনিপুরীদের ধর্ম বিশ্বাস
মনিপুরীদের শিক্ষা ও আর্থ-সামাজিক চালচিত্র
মনিপুরী ভাষা ও সাহিত্য ঃঅনুদ্‌ঘটিত এক গোপন ঐশ্বর্য
মনিপুরী লোক সংস্কৃতিঃ অপরিশীলিত আকর সোনা
মনিপুরী ধ্রুপদী নৃত্য
মনিপুরী প্রবাদ প্রবচন (পাউরৌ)
বাংলাদেশের মনিপুরী সংস্কৃতি চর্চার ধারা
বাংলাদেশের মনিপুরীঃ ত্রয়ী সংস্কৃতির ত্রিবেণী সঙ্গমে

উক্তগ্রন্থ সম্পর্কে বলতে গিয়ে মুখবন্ধে ডঃ আনিসুজ্জামান বলেছেন, ----------- সব মিলিয়ে এই সুলিখিত ও তথ্যপুর্ন বইটি পড়ে অনেক কিছু জানবার এবং আনন্দ লাভের সুযোগ আমার হয়েছে। লেখককে অভিন্দন জানাই। তবে বইটি সম্পর্কে একটি দুর্বলতা বিশেষ লক্ষণীয় তা হলো বিশেষ বিশেষ অংশের পুনরাবৃত্তি। যদিও লেখক ভূমিকাতেই এই বিষয়ে একটি যুক্তি দাঁড় করিয়েছেন। লেখকের মতে " রচনাগুলো ভিন্ন ভিন্ন সময়ে এবং প্রয়োজনে রচিত বলে অনেক ক্ষেত্রেই বক্তব্যের পুনরাবৃত্তি ঘটেছে।

গ্রন্থ ভুক্তির সময় সে ত্রুটি সংশোধনে প্রয়াসী হয়নি মূলত প্রথম রচনার মৌলিকতা এবং স্বাদ অক্ষুন্ন রাখর লক্ষ্যে।" কিন্তু পাঠকের জন্য একটু বিড়ম্বনাকর তাই নয় কি?

বইটির প্রথম প্রবন্ধ "ইতিহাসের ক্যানভাসে মনিপুর ও মনিপুরী।" মনিপুরীদের ইতিহাসকে এই প্রবন্ধে খুব সংক্ষেপে বিধৃত করেছেন। মনিপুর ও মনিপুরী সম্পর্কে এদেশের অধিকাংশ জ্ঞানী গুনিদের মধ্যে ভুল ধারনা রয়েছে। কেননা সবার ধারনা বর্তমান মনিপুর রাজ্যটি মহাভারতের মনিপুর এবং মনিপুরীরা অর্জুনের বংশধর। কিন্তু প্রচলিত এই ধারনাটি যে ভুল তা ইতিহাসের নিবিষ্ট পাঠে বুঝা যায়। এ.কে শেরাম এসম্পর্কে আলোচ্য প্রবন্ধে সুস্পষ্ট ভাবে ব্যাখা দিয়েছেন । দ্বিতীয় প্রবন্ধ "বাংলাদেশে মনিপুরী বসতি স্থাপনের ইতিহাস" এ বাংলাদেশে মনিপুরীদের আগমনের ধারাবাহিক ইতিহাস আলোচনা করেছেন। উক্ত প্রবন্ধদ্বয় লেখকের দীর্ঘ গবেষনার ফসল। কিন্তু একটু বেশী সংক্ষিপ্ত হয়ে গেছে। এ ছাড়া উক্ত গ্রন্থের অন্যান প্রবন্ধ গুলো ঠিক গবেষণাধর্মী লেখা নয়, অনেকটা হালকা চালে লেখা। তবে একথা ঠিক প্রবন্ধগুলি পাঠে মনিপুরী বিষয়ে আমাদের বহু অজ্ঞতা আর অবজ্ঞা দুর করে দিবে।

# ঈ-পাউ

## 'দি মনিপুরী ' গী ' ইন্‌ফরমেশন এন্ড ষ্টাডিজ সেন্টার ' হাংলে।

' দি মনিপুরী ' (ঢাকা) কৌবা সংস্থা অসিগী ' ইন্‌ফরমেশন এন্ড ষ্টাডিজ সেন্টার ' ওপেনিং সেরিমনি হৌখিবা ২৮-০৬-৯৬ ইং ইরাই নুমিৎতা পাংথোক্‌খি। থৌরম'দুদা বাংলাদেশগী সক্লাইরবা মীতৈ কয়া শরুক য়াবিখি। সংস্থাগী সভাপতি কৃষ্ণমনিনা ময়াই তাংবলদা লৈতেংবিখি। বাংলাদেশ সুপ্রীম কোর্টকী এড্‌ভোকেট এস, সি সিন্‌হা-না প্রধান অতিথি, কবি এ, কে শেরাম অমসুং কোংখাম নীলমনি-না বিশেষ অতিথিগী ফম্‌দা ভান্‌থোয়বিখি। পরিমল সিং (ম্যাজিষ্ট্রেট), এম, সি, এফ গী সভাপতি তৌরেম রবীন অমসুং জয়কুমারন মীফম্‌দুদা ৱা ঙাংবিখি। 'দি মনিপুরী' না লৌখৎলক্লিবা থৌদাংসিবু বাংলাদেশী মনিপুরীগী দমক তঙায়ফদ্রবা থৌদাংনি। মরম'দুনা 'দি মনিপুরী'গী' থৌপুবা ফুরূপ অমসুং য়োক্‌খৎপিরিবা খুদিংমক্‌পু মীফম্‌দুদা তিনবিখিবা মীয়ামনা থাগৎ ৱাহৈ, পুক্নিং ঈথৌ শৌগৎপিখি। সভাপতিগী ৱাহৈগা লোয়ননা অয়ুক পুঙ ১২ তাবা মতমদা ওপেনিং সেরিমনি-গী থৌরম লোয়শিন্‌খি।

## বা, ম, সা, স গী ২১ শুবা সম্মেলন অমসুং মুক্তিযোদ্ধা গণসংবর্ধনা

বাংলাদেশ মনিপুরী সাহিত্য সংসদকী ২১ শুবা চহিগী সম্মেলন অমসুং মনিপুরী মুক্তিযোদ্ধা (নিংতমলান্নী) শিংবু গণসংবর্ধনাগী থৌরম অমা হৌখিবা ২৪-০৫-৯৬ ইং ইরাই নুমিৎতা সিলেট অডিটোরিয়ামদা পাংথোক্‌খি। নুমিৎচুপ্পাগী থৌরম'দুবু অয়ুক পুঙ ৯-০৫ মিঃ তাবা মতমদা এম, রাঘবনা হাংদোক্‌পিখি। পুঙ ১০ দা থৌপুবা ফুরূপ্‌কী নৈনবা মীফম ফম্‌খি। নুংথিল পুঙ ৪ দা অঙাংশিংগী শৈরেং থিবা তান্নাখি। পুঙ ৪-৩০ মি তাবা মতমদা কবিশিংগী মসানা ইবা শৈরেং পাথোক্লখি। নুংথিল পুঙ ৫ দা সংবর্ধনা অমসুং নৈনবা মীফম পাংথোক্‌খি। মীফম'দুদা সংসদকী সভানেত্রী এল, পদ্মামনি-না ময়াইতাংবলগী ফম্‌লাংবিখি। থৌরম'দুদা মিঃ বদর উদ্দিন কামরান চেয়ারম্যান, সিলেট পৌরসভা, প্রধান অতিথি, মিঃ আশরাফ শামীম, এন, ডি, সি সিলেট, এডভোকেট সুলতানা কামাল মথংশিংনা বিশেষ অতিথিগী ফম্‌দা লৈংতেংবিদুনা থৌরম'দুবু থোয়দোক্ল শিংথানিঙায় ওইহনখি।


নুমিদাং পুঙ ৭-৩০ মিঃ তাবা মতম্‌দা ইশৈ নোংমাইগী থৌরম পরেংগা লোয়ননা নুমিৎ চুপ্পগী থৌরম'দুবু লোয়শিন্‌খি।

# খুন্নাইলক্তগী

মসীঙ য়াম্‌জদ্রবসু মীতৈ খুন্নাই মরক্তা Scholar গী মসীঙ হন্থব নৎতে। বাংলাদেশী মনিপুরি সিংগী খঙুহৈরবসিংগী মনুংদা S. C. Singha সীঙথানিঙায় য়াব মীসক্ অমনি অমসুং মহাক বাংলাদেশী মনিপুরিসিংগী মনুঙদা ঢাকা ইউনিভার্সিটিদা মহৈ তম্ব অহানবা মীসক্ অমনি। মহাক্ত উনজরুবা Assistant Editors য়েঙ্গেন্‌বম্ চন্দ্রজিৎ অমসুং হামোম প্রমোদকি পাউদম খর মখাদা পীজরি।

ব্রাহং ঃ- অহানুবদা ওজানা লাইরিক তম্মকপগী মতাংদা শম্‌লপ্‌পা খরদং তাকপীয়ু ?

পাউখুম ঃ- ঐহাকনা লাইরিক অহানবদা ধামাই টি গার্ডেন প্রাইমারী স্কুল, ছোট ধামাই প্রাইমারী স্কুল অমসুং জুরী হাইস্কুলদা ক্লাস নিপান ফাউবা তমলম্মি। অদুগি মথংদা সিলেট এইডেড হাইস্কুলদগি ইং ১৯৫৭ মেট্রিক, সিলেট এম, সি কলেজতগি ইং ১৯৫৯ দা আই এ অমসুং ইং ১৯৬১ দা বি, এ, পাশ তৌরবা মতুংদা ঢাকা ইউনিভার্সিটিদা ইন্টারনেশনেল রিলেশনসদা এম, এ, তম্বা লাকই। মদুগি মতম অদুদা ঢাকাদা মীতৈ মচা-অমত্তা লৈরমদে। ঐহাকনা পাকিস্তান ওইবা মতুংদা ঢাকা ইউনিভার্সিটিদা লাইরিক তম্বা লাকপা অহানবা মীতৈ মচানি। অদুগি মতমগি রাজনৈতিক অমসুং সামাজিক ফীভম অদু ঐখোইগী তমক য়ামনা খুদোং চাদবা মতাংনি। অদুনা **above average** নত্রবদি মাইপাক্‌ফম লৈতে হাইদুনা ঐহাক্‌না য়াম্না কন্না হোৎনজখি। হোৎনজবগি মহৈ ওইনা চহি অদুগি ঢাকা ইউনিভার্সিটিগি ইন্টারনেশনেল রিলেশনসদা ঐহাকনা ফাষ্ট ওইদুনা মতম অদুগি য়ামনা প্রেষ্টিজিয়াস ওইবা চৌ-এন-লাই স্কলার শিপ ফংখি অমসুং ঢাকা ইউনিভার্সিটিগি কৃতি ছাত্র ওইনা মীং চনখি। ইং ১৯৬৩ দা এম-এ, পাস তৌরবা মতুংদা খরনি ঢাকা ইউনিভার্সিটিদা রির্সাচ তৌরম্মি অদুগি মতুংদা ইং ১৯৬৬ তা ডিপ্লোমা ইন লাইব্রেরী সাইন্স অমসুং ইং ১৯৬৭ দা ফ্রেঞ্চ ল্যাংগুয়েজদা ডিপ্লোমা ইং ১৯৬৮-৬৯ দা L L. B ডিগ্রী লৌদুনা ইং ১৯৬৯ দা গী উকিল ওইব হৌই।



ব্রাহং ঃ- ওজানা লাইরিক তম্বা লোয়রবা মতুংদা মীতৈ খুন্নায়গী চাওখৎ থৌরম্‌দা করম্বা থৌদাং লৌখৎপিরম্মী ?

পাউখুম ঃ- ঐহাকনা লাইরিক তম্‌বা মতম অমসুং লোইরক্‌প মতম অদুদা বাংলাদেশ হাইবদি মতম অদুগি পাকিস্তানদা লৈরিবা মীতৈ শিং য়ামনা খুদোং চাদবা ফীভমদ লৈরম্মি। শিংথাবা য়াবা লাইরিক লাইশু হৈবা কয়া লৈরম্‌দে। ইজাতিগি খুদোং চাবা কানবা শেম্বা ঙাকপগিতমক Lawyer য়ামনা দরকারনি অসিগি ব্রাখনদগি ঐহাক্‌না লিগেল প্রফেশনদা লাক্‌পা লেপ্‌খি। মতম মতমদা বিভিন্ন লেভেলদা ইজাতিগি কান্নবা থৌরম পাইখৎচখি। হোৎনজবগি মহৈ ওইনা বাংলাদেশ সিভিল সার্ভির্সদা মনিপুরী কোটা রিজার্ভেশন অমসুং মেডিকেল, ইঞ্জিনিয়ারিংনা চিংবা বাংলদেশকী প্রাইম এডুকেশন ইনষ্টিটিউশন শিংদা মনিপুরী কোটা রিজার্ভেশন লাক্‌ইবনি।

ব্রাহং ঃ- বাংলাদেশকী আর্থসামাজিক অমদি রাজনৈতিককী হৌজিক হৌজিক ওইরিবা ফিভমগী মতুং ইন্ন মীতৈ খুন্নায় মতাংদা খরা তাকপীয়ু ?

পাউখুম ঃ- বাংলদেশতা হুজিক হুজিক লৈরিবা রাজনীতি আর্থসামাজিক ফিভম অমসুং হুজিক মীতৈনা লৈরিবা ফিভম অসিদা ঐখোই মীতৈগী চাউখৎ লম্বেনদি অমত্তনি, হাইবদি লাইরিক লাইশুদা তারাদগি (ময়ামদগি) হেনবা তাই, হেন্নবা তানবা তাই। অতৈ শীনফমদা ঐখোইনা হেনবা চাউখৎপা য়ামনা ব্রাগনি। রাজনীতিদা য়াউরুবা য়াদে। য়াওরুদুনা ঐখোইগি কান্নফম কয়া লৈতে। মীতৈ খুন্নায় চাউখৎপা পাম্‌লবাদি ঐখোই অমত্তা ওইবা তাই।

অতৈ অতৈ লৈরিবা খুন্নাইশিং রাজনৈতিক পার্টিশিং পুম্‌নমক্কা অফবা মরী থম্‌গদবনি। ঐখোইদি ইশা ইশাগি **Profesional efficiency** গি (থৌ পাংথোক্‌পা ঙম্‌বগি) মথক্‌তা হিংগদৌরিবনি।

ব্রাহং ঃ- লম্‌দম্'সিদা লৈরিবা মীতৈ খুন্নায়গী থৌবুবিরিবাশিংগী মফম্‌দা ওজাগী করি পাউতাক লৈবিবগে ?

পাউখুম ঃ- লমদম অসিদা লৈরিবা মীতৈ খুন্নায়গি থৌবুবিরিবা শিংদা ঐহাক্‌না হায়জগদবদি ইজাতিগি অচৌবা মরু ওইবা কান্নবগি তমক্ অমত্তা ওইবিদুনা চাউখৎলম্বেল তান্‌বিগদবনি। অপুন্‌বা পাংগল (Orgnisational Power) নওনা হুজিক্‌কি মতম অসিদা জাতি অমা চাউখৎপা ঙমদে। লানাইগি মরু ওইবা কানবা কয়া থাদোক্ পিগদবনি। হৌরকইবা অঙাংশিং ঐখোইগি তুংগি মীরোল চাউখৎপগি থাক্‌তা কাবা ঙম্‌নবা ঙম্‌বা মখে চাউৎখৎপা মফমদা লাইরিক লাইশু তম্‌হনবিগদবনি। ঐখোয়ময়াম হৌজিক্‌তি তুংগি অনৌবা জেনারেশনগী (শুরোন্‌গিতমক) তমক্ কৎথোক্‌পগী মথৌনি।

ব্রাহং ঃ- হৌরক্লিবা মহৈরোয় অমদি নহারোলগী চাওখৎ খোংথাংদা ওজাগী করি তাক্‌পিনিংবা লৈবগে ?

পাউখুম ঃ- হৌরকলিবা নাহারোল শিংদা ঐহাক্‌না হায়জগদবদি হুজিক মালেম অসিদা মাইপাক্কে মী ওইনা হিংগে হাইরবাদি above average ওইবা তাই। তরাদগি হেন্‌বা তাই। লাইরিক্‌তা শিনফম্‌দা মফম পুম্‌নমক্‌তা মাইপাক্কে হেন্‌গে হাইরবদি hard work (হোৎনবা কন্‌বা) তৌবা তাই কন্না, চেৎনা, তম্‌থিবা, শাথিনা পুক্লিং হকচাং অমত্তা ওইনা হোৎনগদবনি। হুজীক্‌কি মালেম চাউখৎপগী মাইপাক্‌পগী অশম্বা লম্বেন লৈতে। কন্না, চেৎনা, তমথিনা শাথিনা হোৎনবা নত্তনা চাউখৎপগি মাইপকপগি লম্বেল অতৈ লৈতে।

ব্রাহং ঃ- বাংলদেশ, ভারত, মায়ান্‌মার, থাইল্যান্ড, ফিলিপাইন, আমেরিকা অমসুং চীনদ লৈরীবা মীতৈ ইরুপ্‌চাসিংবু করম্বা মওংদা চৎথরগা মরি লৈনবা য়াগদগে ?

পাউখুম ঃ- হুজিক বাংলাদেশ ভারত মায়ানমার অমসুং ইউরোপ আমেরিকানা চিংবা মালেমগি লমদম কয়াদা লৈরিবা মীতৈ ইরুপচা শিংগা Cutural exchange গি মতেংনা মরী অমসুং মরী চাউখৎহনগদবনি।

# লাইরিক মসক্ তাক্প

ব্রাই চন্দ্রজিৎ

## মঙমপৈ মরক্তা

শেরাম নিরঞ্জন

ফোঙবা ঃ- ঈনাৎ পাবলিকেশন

সিলেট।

মমল-৪০ টঃ

বাংলাদেশকী মীতৈলোনগী সাহিত্যদ নৌনা খোঙদারক্লিবা কবি শেরাম নিরঞ্জনগী অহানবা শৈরেংগী লাইরিক "মঙমপৈ মরক্তা " হৌখিবা চহিগী নভেম্বরদ ঈনাৎ পাবলিকেশন্ না ফোংদোক্খি। মতমগী খুন্নাই অমদি মীওইবশিংগী অপাম্বা থাজবা অমদি আশা অমসুং আদর্শবু মহাক্কী শৈরেং শিংদা ঐখোয়না উবা ফংঙি। পাবিনসি অমুক্তং-

লিজগে থম্মোয়গী ব্রারী
পুন্সিগী নাপদা থম্মোয়গী খোন্থোক্না
অব্রাব অমসুং লৌউবগী ব্রারী
চাক্লিবা অমসুং নিংঙমদবগী ব্রারী।
(ব্রারী মত্তং লিজগে)

কবি অসিগী শৈরেংদা অনৌবা খোন্জেল অমসুংঐখোয়না তাব ফংঙি।

হিংবা হাইবসে অনৌবা করিসু নক্তে
অনৌবা নত্তে শিবসু
হিংবনা করিনো শিবনা করিনো
খল্লি হঙোই ঙাচকশিংদো।
(হঙোইঙাচক)

অদুগা মীওইবগী মমল খঙলক্তবা সমাজকী মরম্দা মহাক্ত ফোংদোকঈ নুঙাইতবগা লোইননা মীওইবগী করাম চাউবা শাজত্তা পেন্দবা ---------

ফম্লানখ্রবা নুপীচাগী খোমজিন
অনৌবা থোংদুম থোৎলবা হক্চাং
অসিবু মিগী হকচাংরা
মীবু তশেংনমক মীরা
অমুক্মুক হংলি -----
থম্মোয় নুংদা থুপ্লিবা করাম্নবগী ইচেল
য়েরুম্গী মকুগুম্না নুংশিবা
মনুংদা মরুম য়াওরিব্রা
মিওইববু নুংশিবা খংব্রা ?

(ব্রাহং-১)

মজাতিবু নুংশিবা ইতিহাসকী খোংগুল লিরুরবা কবি শেরাম নিরঞ্জন য়াম্ম নুঙাইতনা শৈথাজৈ ----

ব্রাখলগী মীংশেন্দ ফাওরকই ইতৎ তৎত্তনা

মাইবীগী খেন্দ ফাউবগুম

নিংতম্বা------------

খোংজোম তোর্ব্বানগী তম্থিরবা ব্রারী
মীতৈ বীরগী থৌনাফবা খোল্লাউ
মঙলান্গুম তাব ফংঙি নাপদা।

মথঙ্দা নিংতম্ব মাংখ্রবা মীতৈগী ইতিহাস খল্লুবদা কবিনা নিংঙমদনা লাওরকই-

থৌনাফবা থৌমীনি খন্থি ইশাবু
অদুবু
নিংতম্ব
ঐগী
নিংতম্ব
বন্দীনি নঙদি ঙসিসু খোংজোমগী ঈরৈনুংদা
(ফুইনা হোল্লী নুংশাশ্বর)

শেরাম নিরঞ্জনগী শৈরৈংদা ঐখোয়না উবা ফংঙি " মলেম'সিগী তুহৎলবা কায়থরক্লবা পুন্সিগী মায়োক্ত মঙলান্গী পাংয়োংগী মৈঙাল চুখৎলিবা ব্রাখলগী শক্ পান্নবা মুর্ত্তি অমা "।

## ব্রাখলগী নাচোম

হামোম প্রমোদ

ফোঙবা ঃ- ঈনাৎ পাবলিকেশন

সিলেট।

মমল-৩৫ টঃ

বাংলাদেশকী মীতৈলোলগী শৈরেংদা অনৌবা তেক্লিক অনৌবা ষ্টাইল অমগা লোইননা কবি হামোম প্রমোদ মহাক্কী অহানবা শৈরেং লাইরিক 'ব্রাখলগী নাচোম' পুদনা খোঙ্দারক্লি মনিপুরী সাহিত্যগী শংবানরবা লৌবুক্কী পাক্ত লম্হাংসিদা।

খোংথাং খুদিংগী খুদিথিরবদা
কদাইদনো ঐনা চৎকদৌবা
মীরাং মহুমদা পল্লবা হয়িংগুমা

-----------------------------------

পাংয়োংগী পাঙন্দেম পাইশল্লি পাইরক্ত
ব্রাখলগী লংচা ক্লা থল্লবা ঐগী পোম্বিলাং
ফেল্লি মফেল মপাল য়াওদ্রবা পুঙ্গিদ।
(ব্রাখলগী নাচোম-৯৪)

য়াম্না চম্লবা অয়ুক নুংথিল নুমিদাংদা শিজিন্নবা ব্রাহৈনা মহাক্কি শৈরেংদ পুরক্খি অনৌবা অর্থ অমা-

হাকৎচরবা হক্চাংসে খোৎকে অমুক্তং
থাদোকউ কৈদৌগে পুল্লিবা খুৎসে
লাইকোই নত্রগা লৈচাক ঙমদ্রেনে খাংবা।
(মিং থোনদ্রিবা শৈরেং)

মীওইবগী হৌনবি চীনগ খুৎকা মান্নদবা লৈঙাক্লোন অমগী মখাদা ওইজবতা তান্বা মীচং-শঙ্গন নাইবা, নীতি কায়বা উশিত্তবা থৌওইদাবা শাজৎকী মায়োক্ত কবিনা পেন্দবা ফোঙদোক্লী ঙক্নিঙাই ওইরবা মওং অমদা-

এশিয়াগী চরুখোক মরক্তা শিতৎনাতৎনা
লেপ্লিবা
আফ্রিকাগী লৈক্রক মরক্তা মফম
মরাংখংদনা হাইথুরিবা
চাব ফংদ্রবা থার্ড ওয়ার্ল্ডগী ষন য়াঙ্গংবী।
(থার্ড ওয়ার্ল্ডগী ষন য়াঙ্গংবী)

কনামতনা থৌশাবিদ্রবা হন্না ফাওবা
য়েংবিদ্রবা
খুৎথেকপদা য়াওবিদ্রবা নাইতোম তারবা
নাতোন

কনাদসু হায়ঙমদ্রবা
তেংথাবসু ঙমজদ্রবা
চেঙ্গুরকই নঙ্লবা পিরাং
চনপ্ চনপ্।
(নাইতোম তারবা নাতোন)

অকম্বনা অচুম্বা শক্লবা,নীতি য়াওদ্রবা খুন্নাই,কান্নফম খংদ্রবা, মীওইবগী হিংবগী মমল লৈরকুত্রবদা কবি হামোম প্রমোদ মীরবা খোন্জেল্না নিংঙম্দনা ফোংদোকই-------

পিকৃতক তৌরবা মমৈদু হাইর হাইরনা
তেংথাখি উক্রাবী
গুডবাই পৃথিবী গুডবাই শরেং পোরোম
বিদায় ঙাখা-পুথি, বিদায় ঙাক্রিচৌ
নুঙাইনা পাল্লুকো পুকচেন ফবা
ঙামোইনু
উন্নগনি শোয়দনা নোংম নত্রে নোংমদি
তাইবং মীগী ওম্চাক্লরবা পুক্লুংদা
ঙাইরমগেকো মচিমদা ব্রারৌগুমসিকো
বিদায় বিদায় বিদায়।
(মিখুৎতা নোঙ্গাখ্রবা উক্রাবীগী তেংথাখোল)

মীতৈ লৈবাক মনিপুরগী ঙসি ওইরিবা ফিভমসিদা পেন্দবা অমগা লোইননা শিন্থারকই----

থম্মোয়নুংদগী ফাউরক্খি ইতোপতোপ্পা
নুঙাইতবা
অমা ! ওহ ! মীতৈ লৈবাক মনিপুর
খাঙমদ্রবা মৈচাক অমা চাক্লি ঐগী
থম্মোয়নুংদা।

মথংদা মরৈবাক মজাতিবু নুংশিবগী ইথিলঅমগা লোয়ননা নিংশিংলকই ---
ইলেকট্রন প্রোটন নিউট্রন থদৎনবা
য়াদ্রবগুম
নঙ ঐ মীতৈ লৈপাক কাউনাগুমসিকো
---------------------------------

অশংব অঙাংব হিগোক নিংথিরবা
চুমথাংগী মচুতরেং
মঙাঙ্ লুন্নাং খুমন সলাই তরেৎকী
ইতিন্ফম, কংলৈপাক
নঙবু কাউব ঙমুদে কৈদৌনুংদসু।
(মীতৈ লৈপাক মনিপুর
নিংশিঙ্লুবদা ইখিবা শৈরেং খরা)

বাংলাদেশকী মনিপুরী সাহিত্যগী
লমৃজিংবিরিবা কবি এ,কে শেরাম
না হায়বিখি " নহা ওইরিবা
কবি'সিগী শৈরেংগী মরু ওইবা
'থিম' দি নুংশিবনি-ময়েক শেংলবা
নুংশিবা লোন্গীদমক, সমাজ
অমসুং জাতিগীদমক-গুপ্না
হাইরবদা শৈরেংগীদমক্। কবি
হামোম প্রমোদ পু তরান্না ওকৃচরি
মনিপুরী শৈরেংগী মচু নাইরবা
জগৎতা।"

## মীৎকপথোক্‌প-এর নতূন পদযাত্রায় আন্তরিক শুভেচ্ছা

# মণিপুরী ট্র্যাডিশন্যাল হ্যান্ডলুম

আদমপুর বাজার, মৌলবী বাজার
( ঐতিহ্যবাহী মণিপুরী হস্ত শিল্পজাত উৎপাদন কেন্দ্র ও সরবরাহকারী প্রতিষ্ঠান)

এখানে আন্তরজাতিক বাজারে বিশ্বনন্দিত ও রুচিশীল গুনগত মানের মণিপুরী বিছানা চাদর, টেবিল ক্লথ, ডিনার সেট, টেবিল ম্যাট,ন্যাপকিন, কুশন কভার, ড্রেস লেংগড, লেংগড ফেব্রিক, মোইরাং কাবা ফিদুপ (ওড়না), ওয়াল হেংগিং,স্কার্টর্স,ও লেডিস শাল, ব্যাগ ইত্যাদি বিভিন্ন ডিজাইনে তৈরী করা হয়। প্রবাসীদের বিশেষ সুবিধার্থে এবং বৈদেশিক চাহিদা অনুযায়ী তৈরী ও সরবরাহ করা হয়।

স্বত্বাধিকারী / পরিচালক
এইচ,গোপাল সিংহ




CamScanner

With the Best Compliments
From


CHANDAN

# Bangladesh leathercrafts

*Manufacturers & Exporters*
*of*
*Bangladesh Handicrafts Leather Goods, Brassware, Silver Jewellery etc.*

*10, D.I.T. Super Market*
*Maymensingh*
*Opp. Hotel Sheraton*
*Dhaka, Bangladesh,*
*Phone: 504492*

CamScanner



**Royal Princess of Manipur in Residency Bunglow**

*Courtesy : RKCS Art Gallery, Imphal, Manipur*

Design : Power Graphics Limited